

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৮৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮৪. তাশাহ্লদের পরে কি পাঠ করবে?

باب مَا يَقُولُ بَعْدَ التَّشَهُّدِ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ عَمْرٍ أَبُو مَعْمَرٍ، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، حَدَّثَنَا الْحُسَيْنُ الْمُعَلِّمُ، عَنْ عَبْدِ اللهِ بْنِ بُرَيْدَة، عَنْ حَنْظَلَة بْنِ عَلِيّ، أَنَّ مِحْجَنَ بْنَ الأَدْرَعِ، حَدَّثَهُ قَالَ دَخَلَ رَسُولُ اللهِ معلى الله عليه وسلم الْمَسْجِدَ فَإِذَا هُوَ بِرَجُلٍ قَدْ قَضَى صَلَاتَهُ وَهُوَ يَتَشَهَّدُ وَهُو يَقُولُ اللهُ اللهُ الأُحَدُ الصَّمَدُ الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوا أَحَدُ أَنْ تَغْفِرَ لِي ذُنُوبِي إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ. قَالَ فَقَالَ " قَدْ غُفِرَ لَهُ قَدْ غُفِرَ لَهُ ". ثَلَاتًا أَنْ تَغْفِر لِي ذُنُوبِي إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ. قَالَ فَقَالَ " قَدْ غُفِرَ لَهُ قَدْ غُفِرَ لَهُ ". ثَلَاتًا

\_ صحيح

#### বাংলা

৯৮৫। মিহজান ইবনুল আদরা' (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে প্রবেশ করে দেখলেন, এক ব্যক্তি সালাত শেষে তাশাহহুদ পড়ছে এবং সে এটাও পড়ছে যে, "হে আল্লাহ, হে একক ও অমুখাপেক্ষী আল্লাহ, যিনি কাউকে জন্ম দেননি এবং তাঁকেও জন্ম দেয়া হয়নি, তাঁর সমকক্ষও কেউ নেই, আমি আপনার নিকট প্রার্থনা করছি, আপনি আমার গুনাহ ক্ষমা করে দিন। আপনি ক্ষমাশীল ও মেহেরবান।"

মিহজান (রাঃ) বলেন, লোকটির এ দু'আ শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তাকে ক্ষমা করে দেয়া হয়েছে, তাকে ক্ষমা করে দেয়া হয়েছে। তিনি একথা তিনবার বললেন।[1]

সহীহ।

## **English**

Narrated Mihjan ibn al-Adra':



The Messenger of Allah (ﷺ) entered the mosque and saw a man who had finished his prayer, and was reciting the tashahhud saying: O Allah, I ask you, O Allah, the One, the eternally besought of all, He begetteth not, nor was He begotten, and there is none comparable unto Him, that you may forgive me my sins, you are Most Forgiving, Merciful.

He (the Prophet) said: He was forgiven (repeating three times.)

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : সাহু, অনুঃ যিকরের পর দু'আ, হাঃ ১৩০০), আহমাদ (৪/৩৩৮), ইবনু খুযায়মাহ (অনুঃ তাশাহহুদের পর সালামের পূর্বে ইসতিগফার করা, হাঃ ৭২৪) 'আবদুল ওয়ারিস হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মিহজান ইবনুল আদরা' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন